

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 02-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিন ব্যাপী ৪৩তম আগরতলা বইমেলার উদ্বোধন করেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরের রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে বর্ষব্যাপী প্ল্যাটিনাম জুবিলি উদযাপন অনুষ্ঠানের সূচনা করেন।
- (৩) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক জানিয়েছে, গত এক দশকে দেশে কর্মসংস্থান উল্লেখযোগ্যভাবে ৩৬% বৃদ্ধি পেয়েছে।
- (৪) ২০২৪ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার আজ ঘোষণা করা হয়েছে।

\*\*\*\*\*

**Book Fair :**

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে আজ থেকে ১৩ দিন ব্যাপী ৪৩তম আগরতলা বইমেলা শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা মেলার উদ্বোধন করেন। উপস্থিতি ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী। আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন কলকাতা থেকে আগত বিশিষ্ট

লেখক জয়দীপ চট্টোপাধ্যায়। রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ড প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা বিষ্ণুসার ভট্টাচার্যও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ীকা মীনারানী সরকার। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে আগামী প্রজন্মকে বই পড়ার প্রতি আকৃষ্ট করার জন্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন বই আমাদের চেতনার সীমানা বাড়ায়। তিনি বলেন বই পড়ার অভ্যাস বাড়াতে হবে, যে কোন অনুষ্ঠানে বই উপহার দেওয়ার পরামর্শ দেন তিনি।

#####Byte-CM#####

উল্লেখ্য এবারের আগরতলা বইমেলায় প্রকাশক ও পুস্তক বিক্রেতাদের ১৫৯টি স্টল রয়েছে। এর মধ্যে ৪২টি স্টল বহি: রাজ্যের প্রকাশক ও বিক্রেতাদের। পশ্চিমবঙ্গ, আসাম ও নতুনদিল্লীর প্রকাশক ও পুস্তক বিক্রেতাগণ বইমেলায় অংশ নিয়েছেন। প্রতি বছরের মতো এবারও বইমেলার সমাপ্তি দিনে বিশেষ ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ১৪টি পুরস্কার দেওয়া হবে।

পুরস্কারগুলির মধ্যে রয়েছে চির ও স্থাপত্য ক্ষেত্রে ধীরেন্দ্র কৃষ্ণ স্মৃতি পুরস্কার, সাহিত্যে সলিল কৃষ্ণ স্মৃতি পুরস্কার, শাস্ত্রীয় সঙ্গীতের জন্য কালীকিংকর দেববর্মা স্মৃতি পুরস্কার, ছোট গল্লের জন্য ভীম্বদেব ভট্টাচার্য স্মৃতি পুরস্কার, লোক সংস্কৃতির জন্য লালন পুরস্কার, নাটকের জন্য ত্রিপুরেশ মজুমদার স্মৃতি পুরস্কার, বেস্ট লিটল ম্যাগাজিন অ্যাওয়ার্ড, বাংলা ভাষার শ্রেষ্ঠ প্রকাশনার জন্য রাধামোহন ঠাকুর পুরস্কার, কক্ষবরক ভাষার শ্রেষ্ঠ প্রকাশনার জন্য দৌলত আহমেদ পুরস্কার, বাংলা ও কক্ষবরক ব্যতীত অন্যান্য

সংখ্যালঘু ভাষার শ্রেষ্ঠ প্রকাশনা পুরস্কার, ইয়ং ট্যালেন্ট অ্যাওয়ার্ডের মধ্যে রয়েছে নৃত্যে সত্যরাম রিয়াং অ্যাওয়ার্ড, সঙ্গীতে অশ্বিনী কুমার বিশ্বাস স্মৃতি পুরস্কার, ভিস্যুয়াল আর্টের জন্য সুমঙ্গল সেন স্মৃতি পুরস্কার, নাটকের জন্য অজিত মজুমদার স্মৃতি পুরস্কার।

এবারও বইমেলায় যাতায়াতের সুবিধার জন্য বিনামূল্যে বাস পরিষেবা ব্যবস্থা করা হয়েছে। রাধানগর বাসস্ট্যান্ড, চন্দ্রপুর, আই এস বিটি এবং রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকে এই বাসগুলি ছাড়বে।

\*\*\*\*\*

#### **CM-RAMESH SCHOOL :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উদয়পুরের রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে বর্ষব্যাপী প্ল্যাটিনাম জুবিলি উদযাপন অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রমেশ স্কুল আজ রাজ্য ও দেশের গান্ডি পেরিয়ে গোটা বিশ্বে পরিচিত। কারণ এই স্কুল থেকে বহু ছাত্র-ছাত্রী আজ গোটা বিশ্বজুড়ে বিভিন্ন পেশায় প্রতিষ্ঠিত।

#####Byte-CM#####

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শিক্ষার প্রসারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্প সমূহের বাস্তবায়ন নিয়ে বিস্তারিতভাবে উল্লেখ করেন। এদিন এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়কে উদয়পুর রমেশ স্কুলের প্রাক্তনীর আজীবন সদস্যপদ প্রদান করা হয়। তাদেরকে উত্তরীয় পরিয়ে এবং মানপত্র দিয়ে সম্মিলিত করা হয়। রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫তম প্রতিষ্ঠা দিবসের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, গোমতি জেলার জিলা সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেব রায়, জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র

মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে পৌরহিত্য করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রদীপ কুমার চক্রবর্তী।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **Employment generation :**

গত এক দশকে দেশে কর্মসংস্থান উল্লেখযোগ্যভাবে ৩৬% বৃদ্ধি পেয়েছে।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের মতে ২০১৪সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত ১৭ কোটির বেশি অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। মন্ত্রক জানিয়েছে যে গত বছর দেশে প্রায় চার কোটি ৬০ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

তথ্য অনুযায়ী মোদি সরকারের অধীনে কৃষি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ বেড়েছে ১৯ শতাংশ, উৎপাদন ক্ষেত্রে ১৫ শতাংশ এবং পরিষেবা ক্ষেত্রে ৩৬ শতাংশ। মন্ত্রকের মতে, বেকারত্বের হার ২০১৭-১৮ সালের ৬ শতাংশ থেকে ২০২৩-২৪ সালে ৩.২ শতাংশে নেমে এসেছে।

\*\*\*\*\*

### **Food Minister :**

সড়ক সুরক্ষা, মাদকের নেশা থেকে দুরে থাকা ও ভোক্তা অধিকার সম্বন্ধে ছাত্র ছাত্রীদের সচেতন করার উপর জোর দিয়েছে ত্রিপুরা সরকার। এই উদ্দেশ্যে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়ে ভোক্তা সুরক্ষা আইন, সড়ক নিরাপত্তা এবং মাদকবিরোধী কর্মশালা ও সচেতনতামূলক প্রচারের জন্য খাদ্য ও ভোক্তা বিষয়ক মন্ত্রী মুশান্ত চৌধুরী, শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রধানদের সঙ্গে আজ ভার্চুয়াল বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন বিদ্যালয় ও উচ্চশিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার।

বৈঠকে এই সচেতনতামূলক কর্মসূচী আয়োজন করার জন্য বিভিন্ন কলেজে তারিখ নির্ধারনের পাশাপাশি এই সচেতনতামূলক কর্মসূচী সকলের সম্মিলিত প্রচেষ্টায় সফল করার জন্য প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ প্রদান করেন মন্ত্রী শ্রী চৌধুরী। প্রচারণার অঙ্গ হিসেবে ছাত্র-ছাত্রীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা ও র্যালি আয়োজনের পরামর্শ দেন তিনি।

\*\*\*\*\*

### **Ratanlal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর পুর পরিষদ কার্যালয়ে এলাকার সাফাই কর্মীদের মধ্যে বিভিন্ন সামগ্রী বিতরণ করেন। মন্ত্রী শ্রী নাথ বলেন রাজ্য সরকার মানুষকে সাহায্য করতে সব সময় অগ্রণী ভূমিকা পালন করে। তিনি বলেন জনগন সঙ্গে থাকলে 'এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা, এক ভারত শ্রেষ্ঠ ভারত' গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়িত করা যাবে। তিনি বলেন সাফাই কর্মীরা সমাজ ও পরিবেশকে সুন্দর রাখেন। তিনি বিভিন্ন এলাকাকে স্বচ্ছ ও সুন্দর করে রাখার জন্য সাফাই কর্মীদের ধন্যবাদ জানান।

\*\*\*\*\*

### **CM-Adwaita Mallabarmen :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যে কয়েকজন ক্ষণজন্মা কিংবদন্তি ভারতবর্ষে জন্মগ্রহণ করেছিলেন তাদের মধ্যে ব্রাত্যজনের কবি, উপন্যাসিক অবৈত মল্লবর্মন একজন। অবৈত মল্লবর্মনের ১১১তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ সিপাহীজলা জেলার নলছড়ের দশমীঘাট মাঠে অবৈত মল্লবর্মন উৎসব ২০২৫-এর উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। আরো বলেন অবৈত মল্লবর্মণের জীবন খুবই কঠোর মধ্যে দিয়ে অতিবাহিত হয়েছে। তাঁর বাস্তবিক জীবনের বিভিন্ন দিকই তাঁর সাহিত্যে ফুটে উঠেছে। তফসিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেন জীবনের প্রতিকূল অন্যদিকে পরিস্থিতির থেকেও কিভাবে নিজেকে প্রতিষ্ঠিত করা যায় তাঁর উদাহরণ অবৈত মল্লবর্মন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বি.জে.রেডি, তফসিলি জাতি কল্যাণ দপ্তরের সচিব দীপা ডি নায়ার প্রমুখ। অবৈত মল্লবর্মন স্মৃতি পুরস্কার ২০২৫-এ ভূষিত হয়েছেন উদয়পুরের বাঁশ-বেত শিল্পী সুব্রত দাস। তিনি সহ অবৈত মল্লবর্মন স্মারক সম্মান ও প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের উপস্থিত অতিথিরা। ৩ দিন ব্যাপী এই উৎসবে রাজ্য ও বহিঃরাজ্যের শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপন করবেন। বিভিন্ন দপ্তরের পাশাপাশি স্ব-সহায়ক দলের মহিলারা স্টল খুলেছেন এই উৎসবে।

\*\*\*\*\*

### **T.L.M Exhibition :**

"নিপুণ ত্রিপুরা" কর্মসূচির অধীনে আজ কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিউশনে শিক্ষক-শিক্ষিকাদের তৈরি শিক্ষণ-শিখন সামগ্রীর

প্রদর্শনী ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কর্মসূচির উদ্বোধন করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, সরকারের লক্ষ্য হচ্ছে, সহজ-সরল, আধুনিক শিক্ষা পদ্ধতি। যাতে শিক্ষার্থীরা ভবিষ্যতে আত্মনির্ভর ও স্বাভিমানী হতে পারে। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, উনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক এল, দারলং, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। আজকের এই কর্মসূচিতে উনকোটি জেলার ৭০টি বিদ্যালয় থেকে শিক্ষক -শিক্ষিকারা তাদের শিক্ষণ-শিখন উপকরণ প্রদর্শন করেন।

\*\*\*\*\*

### **Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলার কংগ্রেস ভবনে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত মনমোহন সিং-এর স্মৃতিচারণ এবং শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, প্রাক্তন সভাপতি পীয়ষ্ঠ কান্তি বিশ্বাস সহ অন্যান্যরা। কংগ্রেস নেতৃবৃন্দ প্রয়াতের প্রতিকৃতিতে পুজ্পার্ঘ্য অর্পণ করেন এবং তাঁর কর্মজীবন নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*

### **National Sports Awards :**

২০২৪ সালের জাতীয় ক্রীড়া পুরস্কার আজ ঘোষণা করা হয়েছে। বিশ্ব দাবা চ্যাম্পিয়ন ডি গুকেশ, প্যারিস অলিম্পিকে ডাবল পদক বিজয়ী মনু ভাকের, ভারতীয় হকি দলের ক্যাপ্টেন হরমনপ্রীত সিং এবং প্যারিস প্যারালিম্পিকে স্বর্ণপদক বিজয়ী প্রবীণ কুমারকে মেজর ধ্যানচাঁদ খেল রত্ন পুরস্কার প্রদান করা হবে।

৩২ জন ক্রীড়াবিদকে অর্জুন পুরস্কার দেওয়া হবে। তাদের মধ্যে রয়েছেন অ্যাথলেট জ্যোতি ইয়ারাজি এবং আনু রানী, বক্সার নিতু এবং সাউইটি, দাবা খেলোয়াড় ভান্তিকা অগ্রবাল, হকি খেলোয়াড় সালিমা তেতে, অভিষেক, সঞ্চয়, জারমানপ্রীত সিং এবং সুখজিৎ সিং। প্যারা আর্চার রাকেশ কুমার, প্যারা অ্যাথলেট প্রীতি পাল, জীবনজি দীপ্তি, অজিত সিং এবং শচীন খিলারিও অর্জুন পুরস্কার পাবেন।

পুরস্কারপ্রাপ্তরা এই মাসের ১৭তারিখে রাষ্ট্রপতি ভবনে একটি বিশেষভাবে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্বৌপদী মুরুর কাছ থেকে তাদের পুরস্কার গ্রহণ করবেন।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সকালে রাজ্যের সব জেলার দু এক জায়গায় ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

\*\*\*\*\*